



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-১২৬-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০৫/২০১৮

তারিখঃ ২৯/০২/১৪২৬বঙ্গাঃ
১২/০৬/২০১৯খ্রিঃ

“দ গু রা দে শ”

নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর তার স্মারক নং-নিঃপ্রঃ/লক্ষ্মী/পওর/পি-১৩৭/১০৬২ তারিখঃ ২০/০৫/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ বাবুল মিয়া, পরিচলন কর্মী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার কৈফিয়ত তলব করেন। উক্ত কৈফিয়ত তলবের পত্র হতে দেখা যায় যে, তিনি বিগত ২২/০৪/২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪(চার) দিন এবং ২০/০৫/২০১৮ ও ২১/০৫/২০১৮ খ্রিঃ তারিখ ০২(দুই) দিনসহ মোট ০৬(ছয়) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। ইতোপূর্বেও একাধিকবার অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে কৈফিয়ত তলব করা হলেও তিনি কৈফিয়ত তলবের সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হন। উক্ত বিষয়টি তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-১৩৮-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০৫/২০১৮ তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি থাকা এবং কর্তব্যকাজে অবহেলার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১১-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০৫/২০১৮ তারিখ-১৬/০১/২০১৯খ্রিঃ মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক উক্ত কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪৯-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০৫/২০১৮ তারিখঃ ২৪/০৩/২০১৯খ্রিঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ বাবুল মিয়া, পরিচলন কর্মী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর এর ২০/০৫/২০১৮ হতে ২১/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় এবং কর্মস্থলে অনুপস্থিত থাকার/ বিষয়টি অভ্যাসগত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (ক) (ই) মোতাবেক ২(দুই) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান-৪৯ (১)(ক)(আ) মোতাবেক ০১(এক) বছরের জন্য তার বেতন বর্ধন স্থগিত দণ্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ বাবুল মিয়া, পরিচলন কর্মী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(ক) (ই) মোতাবেক ২(দুই) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান-৪৯ (১)(ক)(আ) মোতাবেক ০১(এক) বছরের জন্য তার বেতন বর্ধন স্থগিত দণ্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

Tech
১২/০৬/২০১৯

(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১

টেলিফোন নং-৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com


অঃপুঃ

স্মারক নং-১২৬(১২)-পাউবো/শৃ/শা-১/অভি(গ)-০৫/২০১৮

তারিখঃ ২৯/০২/১৪২৬বঙ্গাঃ
১২/০৬/২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, শাকতলা, কুমিল্লা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
৩. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী। (দপ্তরাদেশে উল্লেখিত দস্ত কার্যকর করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. পিএ টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ বাবুল মিয়া, পরিচ্ছন্ন কর্মী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর।


(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১
টেলিফোন-৯৫৬৯৭৭৯